# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 11.05.2024 Time: 7.35A.M.**

বিশেষ বিশেষ খবর-

১) চতুর্থ দফার লোকসভা নির্বাচনের প্রচার পর্ব আজ বিকেলে শেষ হচ্ছে।

২) ভোটের প্রচারে গতকাল শাসক এবং বিরোধী - দু-পক্ষের নেতাদের বক্তব্যেই প্রধান বিষয় ছিল সন্দেশখালি।

৩) নিউটাউনে সরকারী জমিতে তৃণমূল কংগ্রেসের ৩-টি পার্টি অফিস ভেঙে দেওয়ার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪) একটানা তীব্র গরম এবং বৃষ্টির অভাবে ডুয়ার্সে এবার চায়ের উৎপাদন অনেকটাই কমতে পারে।

৫) আই পি এল-এর ম্যাচে আজ ইডেনে কলকাতা নাইট রাইডার্স, মুম্বাই ইন্ডিয়ান্সের মুখোমুখি হবে।

oooooooooooooooooo

চতুর্থ দফার লোকসভা নির্বাচনের প্রচার পর্ব আজ বিকেলে শেষ হচ্ছে। এই দফায় দেশে ৯৬-টি আসনে ভোট নেওয়া হবে আগামী সোমবার। এর মধ্যে রয়েছে এরাজ্যের ৮-টি আসন – বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধমান-দুর্গাপুর, আসানসোল, বীরভূম ও বোলপুর।

বর্ধমান – দুর্গাপুর নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন-

(ভয়েসকাস্ট)

০০০০০০০০০০০০০০০০০

চতুর্থ দফার ভোটের প্রচারে গতকাল শাসক এবং বিরোধী - দু-পক্ষের নেতাদের বক্তব্যেই প্রধান বিষয় ছিল সন্দেশখালি। রানাঘাট এবং বর্ধমান – দুর্গাপুর কেন্দ্রের প্রার্থীদের হয়ে গতকাল জনসভা ও রোড শো করেন প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্। মাজদিয়ার সভায় সন্দেশখালির অপরাধীদের হুঁশিয়ারী দিয়ে তিনি বলেন, তারা রেহাই পাবে না।

(বাইট – সন্দেশখালি)

রানিগঞ্জে রোড শো থেকেও রাজ্যের মহিলাদের সন্দেশখালির কথা স্মরণ করিয়ে দেন তিনি।

(বাইট - রাণিগঞ্জ )

সন্দেশখালিতে ধর্ষণের সাজানো অভিযোগ সম্পর্কে কথিত ভাইরাল ভিডিও নিয়ে নদীয়ায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন, রাজ্যের পুলিশ তাহলে ম্যাজিস্ট্রেটের কাছে নির্যাতিতার জবানবন্দির ব্যবস্থা করল কিভাবে।

(সুকান্ত – সন্দেশখালি)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও বীরভূমের পুরন্দরপুরে এক জনসভায় সন্দেশখালির ঘটনা নিয়ে একের পর এক ভাইরাল ভিডিওর পেছনে তৃণমূল কংগ্রেস নেতৃত্বের হাত থাকার অভিযোগ করেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীর অভিযোগ, সামান্য কিছু ভোটের জন্য সন্দেশখালি নিয়ে রাজ্যের ১০ কোটি মানুষকে সারা দেশের সামনে ছোটো করেছে বিজেপি।

(বাইট – অভিষেক)

oooooooooooooooo

চক্রান্ত করে মহিলাদের দিয়ে মিথ্যা অভিযোগ করানো এবং মহিলাদের অসম্মান করার অভিযোগে বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রেখা পাত্রর বিরুদ্ধে সন্দেশখালি থানায় এফআইআর দায়ের করা হয়েছে। এই চক্রান্তে সামিল হওয়ার অভিযোগে বিজেপির মন্ডল সভাপতি গঙ্গাধর কয়াল ও শান্তি দলুইয়ের বিরুদ্ধেও এফ আই আর করেছে পুলিশ। গঙ্গাধরকে তলব করে ইতমধ্যেই তার বাড়িতে নোটিস পাঠানো হয়েছে। স্থানীয় মহিলাদের একাংশ, অভিযোগ প্রত্যাহার করতে চাওয়ায় কয়েকজন বিজেপি নেতা তাঁদের হুমকি দিচ্ছেন, এই অভিযোগে বেশ কয়েকজন বিজেপি নেতার বিরুদ্ধেও মামলা রুজু করা হয়েছে বলে খবর। এর আগে সাদা কাগজে সই করিয়ে স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতাদের বিরুদ্ধে মহিলাদের দিয়ে মিথ্যা অভিযোগ করানো ও ভীতি প্রদর্শনের অভিযোগে বিজেপি নেত্রী পিয়ালি ওরফে মাম্পি দাসের বিরুদ্ধে পুলিশ এফ আই আর করে।

oooooooooooooooo

পুরুলিয়া লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী জ্যোতির্ময় সিং মাহাতোর বিরুদ্ধে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে পুরুলিয়া জেলা তৃনমূল কংগ্রেস। বুধবার শ্রী মাহাতো এবং অন্যান্য বিজেপি নেতাকর্মীরা পুরুলিয়া শহর এবং আদ্রা শহরে মূখ্যমন্ত্রীর কুশপুতুল দাহ করেন। এর প্রতিবাদেই কমিশনে লিখিত অভিযোগ জানিয়ে তৃণমূলের জেলা সহ সভাপতি জয় বন্দ্যোপাধ্যায় বলেন, জেলার শান্ত পরিস্থিতিকে অশান্ত করার চেষ্টা করছে এরা। তবে নিজেদের অবস্থানে অনড় থাকার কথা জানিয়েছেন বিজেপি প্রার্থী।

ooooooooooooooooo

নিউটাউনে সরকারি জমিতে তৃণমূল কংগ্রেসের তিনটি দলীয় কার্যালয় ভেঙে দেওয়া নির্দেশ দিয়েছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহা। নিউটাউনে হিডকোর জমিতে বেআইনিভাবে তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয় তৈরির অভিযোগে হাইকোর্টে মামলা হয়েছিল। আদালতে রিপোর্ট দিয়ে হিডকো জানায়, তাদের জমি দখল করে ওই পার্টি অফিসগুলি তৈরি হয়েছে। ওই তিনটি পার্টি অফিসই ভেঙে দেওয়ার নির্দেশ দিয়েছেন বিচারপতি সিনহা। সেই সঙ্গে নিজেদের জমিতে অবৈধ নির্মাণ রুখতে হিডকো কেন ব্যবস্থা নিচ্ছে না সেই প্রশ্নও তুলেছে হাইকোর্ট।

oooooooooooooooo

কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার স্বামী, আইনজীবী প্রতাপচন্দ্র দে-র বিরুদ্ধে মামলার নিষ্পত্তি করল সুপ্রিম কোর্ট। গতকাল শুনানি চলাকালীন বিচারপতি সঞ্জীব খন্না এবং বিচারপতি দীপঙ্কর দত্তের ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, এই মামলায় রাজ্য পুলিশ যে এফআইআর

দায়ের করেছে, তা রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। এছাড়া, সুপ্রিম কোর্টের দ্বারস্থ হওয়ার আগে রাজ্য কোনও ক্যাভিয়েট দাখিল করেনি বলেও অসন্তোষ প্রকাশও করা হয়। তবে পরে রাজ্যের আইনজীবীর বক্তব্যের সঙ্গে সহমত হয় শীর্ষ আদালত।'

oooooooooooooooo

পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আব্দুল কাদের সফেলিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিখিলেশ রায় সাসপেন্ড করেছেন। কয়েকদিন আগে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের কর্মবিরতি আন্দোলন নিয়ে সিদ্ধান্তের প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রারকে শোকজ করেছিলেন উপাচার্য। কিন্তু সেই শোকজের উত্তর সন্তোষজনক না হওয়ায় গতকাল তাকে সাসপেন্ড করা হয়। তার জায়গায় নতুন অফিস সিটিং রেজিস্টার হিসেবে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক প্রদীপ করকে নিযুক্ত করেছে উপাচার্য।।

oooooooooooooooo

একদিকে একটানা তীব্র গরম, অন্যদিকে বৃষ্টির অভাবে রোগ পোকার আক্রমণ মারাত্মক বেড়ে যাওয়ায়, ডুয়ার্সের চা বাগানগুলিতে এবার উৎপাদন অর্ধেক হয়ে গেছে। ডেঙ্গুয়াঝাড় চা বাগানের ম্যানেজার সুবীর গাঙ্গুলী আমাদের সংবাদদাতা চন্দনা চৌধুরীকে জানিয়েছেন, এবছর এপ্রিল পর্যন্ত সাড়ে ৩ ইঞ্চি বৃষ্টি হয়েছে ডুয়ার্সে। গতবছর এই সময়ে বৃষ্টি হয়েছিল ১০ ইঞ্চি। নদীতে সেচের জল'ও নেই বললেই চলে। ফলে জলের অভাবে চা গাছে কীট পতঙ্গ, রোগ পোকার আক্রমণ'ও বাড়ছে।

(বাইট- চা-সুবীর গাঙ্গুলী)

oooooooooooooooo

জোড়া ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই ঝড়বৃষ্টি হচ্ছে। আবহবিজ্ঞানী সৌরীশ  বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, মঙ্গলবারের পর বৃষ্টি কমবে।

(বাইট)

ooooooooooooooooo

কলকাতার মুচিপাড়া থানা এলাকায় রামকানাই অধিকারী লেনে গতকাল বিকেলে দোতলা বাড়ির ছাদ থেকে পড়ে এক রাজমিস্ত্রীর মৃত্যু হয়েছে। কাজ করার সময় তিনি পড়ে যান। বছর ৪৫ এর ঐ রাজমিস্ত্রির বাড়ি ক্যানিং এ।

ooooooooooooooooo

কলকাতা নাইটরাইডার্স আজ আইপিএলের ম্যাচে মুম্বই ইন্ডিয়ান্স এর বিরুদ্ধে খেলবে। ইডেনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ১১ ম্যাচে ৮ টিতে জিতে ১৬ পয়েন্ট নিয়ে লিগতালিকায় শীর্ষে রয়েছে কলকাতা। আজকের  ম্যাচ জিতলে প্লে অফে খেলা প্রায় নিশ্চিত করে ফেলবে কেকেআর। অন্যদিকে, মুম্বই ইতিমধ্যেই প্লে অফের দৌড় থেকে ছিটকে গেছে। ১২ ম্যাচ খেলে ৪ টিতে জিতে ৮ পয়েন্ট নিয়ে লিগতালিকার অষ্টম স্থানে রয়েছে মুম্বই। কলকাতা শেষ ম্যাচে লখনউ সুপারজায়ান্টসকে ৯৮ রানে হারিয়ে দিয়েছিলো। মুম্বই গত ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদকে ৭ উইকেটে হারিয়ে দিয়েছিলো।

oooooooooooooooo

oooooooooooooooo